দৈনিক বাংলা

তারিখ ... 27।11।83
পৃষ্ঠা ... 1 কলাম 5

131

# আমাদের জাতীয় পরিচিতি আবিষ্কার করতে হবে: শিক্ষামন্ত্রী

(স্টাফ রিপোর্টার)

শিক্ষা, ধর্ম, ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রী ডক্টর আবদুল মজিদ খান বলেছেন, নিজস্ব জাতীয় পরিচিতি ও ঐতিহ্য আবিষ্কারই হচ্ছে আমাদের জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। আমরা তাই এখনো আমাদের জাতীয় পরিচিতি আবিষ্কারে নিয়োজিত।

মন্ত্রী বলেন, আমাদের বর্তমান আর্থিক দৈন্য ও দুঃখ-দুর্দশা একদিন থাকবে না। একদিন আমাদের অর্থনৈতিক অবস্থার উন্নতি হবে। কিন্তু সময় থাকতে নিজস্ব জাতীয় পরিচিতি ও ঐতিহ্য আবিষ্কৃত না হলে তা চিরদিনের জন্য হারিয়ে যাবে।

বুধবার বিকেলে তিন সপ্তাহ স্থায়ী বাংলাদেশের প্রথম মিউজিওলজি কর্মশালার উদ্বোধনী ভাষণে শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান একথা বলেন। শাহবাগে নির্মাণাধীন ঢাকা যাদুঘর ভবনে আয়োজিত কর্ম-

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

(১ম পৃঃ পর)

শালার উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তৃতা দেন বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মিসেস জেন এবেল কুন, মার্কিন যুক্তরাষ্ট্রের স্মিথসোনিয়ান ইনস্টিটিউশনের শিক্ষা বিভাগের অধ্যক্ষ ডঃ এ্যালেন বি বোজিং ও ঢাকা যাদুঘরের পরিচালক ডঃ এনামুল হক।

শিক্ষামন্ত্রী জানান, আগামী নবেম্বরের প্রথম সপ্তাহের মধ্যে নির্মাণাধীন জাতীয় যাদুঘরের উদ্বোধন সম্ভব হবে বলে আশা করা যায়। মন্ত্রী যাদুঘরকে আমাদের জনগণের ঐতিহ্য ও পরিচিতির সমন্বিত রূপ বলে বর্ণনা করে বলেন, যাদুঘরের ভূমিকা কেবল ঐতিহ্যের নিদর্শন সংগ্রহ, সংরক্ষণ ও প্রদর্শনই নয়। যাদুঘর হল শিক্ষা ও সংস্কৃতি প্রতিষ্ঠানও।

মার্কিন রাষ্ট্রদূত মিসেস জেন এবেল কুন জানান, বাংলাদেশের কয়েকটি যাদুঘর ঘুরে দেখার তার সুযোগ হয়েছে। এসব যাদুঘরে সংরক্ষিত সংগ্রহ খুবই বিস্ময়কর ও উৎসাহব্যঞ্জক। তিনি যাদুঘরকে জাতীয় সংস্কৃতি ও ঐতিহ্যের ভাবমূর্তি তুলে ধরার ক্ষেত্রে অসাধারণ গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান বলে উল্লেখ করেন। মিসেস কুন আরও জানান, ঢাকা যাদুঘরে আয়োজিত মিউজিওলজি কর্মশালার মূল প্রশিক্ষক ডঃ এ্যালেন বি বোজিং-এর সফরের ব্যবস্থা করেছে মার্কিন দূতাবাসের সাংস্কৃতিক বিভাগ।

অনুষ্ঠানে ডঃ এ্যালেন বি বোজিং জানান, তিনি ইতিমধ্যে বাংলাদেশের প্রায় সবকটি যাদুঘর ও নৃতাত্ত্বিক নিদর্শনসমূহ ঘুরে দেখেছেন। মিউজিওলজি কর্মশালার অবশ্যই ওয়াশিংটন যাদুঘর প্রাসঙ্গিক বিষয় হবে না। স্থানীয় সমস্যার ওপর আলোকপাতই হবে এই কর্মশালার মূল বিষয়। এ থেকে তিনিও অনেক কিছু জানতে ও শিখতে পারবেন।

প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, মিউজিওলজি কর্মশালার আয়োজন বাংলাদেশে এই প্রথম। এতে দেশের বিভিন্ন যাদুঘর ও বিশ্ববিদ্যালয়ের ২৫ জন প্রতিনিধি অংশ নিচেছন। শাহবাগে নির্মাণাধীন জাতীয় যাদুঘর ভবনে এর আয়োজন করা হয়েছে।